

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (ইপিআরসি)
বিদ্যুৎ ভবন, ১ নং আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
www.eprc.org.bd

বিষয়ঃ বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (ইপিআরসি) এর Annual Performance Agreement (APA) টিমের সভার কার্যবিবরণী।

বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল-এর ২০১৮-১৯ অর্থ বছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যাবতীয় তথ্য উপাত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত Annual Performance Agreement Management Software (APAMS) এ অন্তর্ভুক্ত করা এবং Annual Performance Agreement (APA) সংশ্লিষ্ট সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য ইপিআরসি'র স্মারক নং ২৭.০৩.০০০০.০০১.০৫.০০১.১৬.৯২৭ তারিখঃ ৩১/১০/২০১৮ খ্রিঃ মোতাবেক গঠিত কমিটির সভা গত ১১/০৪/২০১৯ খ্রিঃ তারিখে দুপুর ১২:০০ টায় ইপিআরসির সদস্য মহোদয়ের কক্ষে (কক্ষ নং-১১০১) জনাব মোহাম্মদ সমশের আলী, সদস্য, ইপিআরসি এবং টিম লিডার, APA টিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “খ” এ সংযুক্ত করা হলো।


২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আহবায়ক সভার কার্যক্রম শুরু করেন। নিম্নে সভার আলোচনা এবং সুপারিশ/সিদ্ধান্তসমূহ উপস্থাপন করা হলোঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১।	কাউন্সিলের APA টিম গঠন এবং ২০১৮-১৯ অর্থ বছরের Annual Performance Agreement (APA) সংশ্লিষ্ট সার্বিক কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা।	<p>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ফারহান হোসেন জানান যে, কাউন্সিলের ২০১৮-১৯ অর্থ বছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যাবতীয় তথ্য উপাত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত Annual Performance Agreement Management Software (APAMS) এ অন্তর্ভুক্ত করা এবং Annual Performance Agreement (APA) সংশ্লিষ্ট সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য ইপিআরসি অত্র APA টিম গঠন করে।</p> <p>এছাড়াও, তিনি কাউন্সিলের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারী ১৯ হতে মার্চ-২০১৯) ও ৯ মাসের পুঞ্জীভূত আওতাভুক্ত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন (পরিশিষ্ট “খ”)।</p> <p>টিম লিডার বর্ণিত কার্যক্রমের বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গকে কার্যাবলী দ্রুত এবং আন্তরিকতার সহিত সম্পাদন করে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন বেগবান করার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	কাউন্সিলের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাভুক্ত কার্যক্রমের বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপর অর্পিত কার্যাবলীসমূহ দ্রুত এবং আন্তরিকতার সহিত সম্পাদন করে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন বেগবান করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

Signature

২।	কাউন্সিলের ২০১৯-২০২০ অর্থ বছরের Annual Performance Agreement (APA) প্রণয়ন।	টিম লিডার বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) নির্দেশিকা অনুযায়ী বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিলের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রণয়ন করা প্রয়োজন।	নির্ধারিত ছকে পূরণকৃত কাউন্সিলের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) খসড়া প্রণয়নের ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
----	---	--	---

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোহাম্মদ সমশের আলী)

সদস্য, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল

ও

টিম লিডার

APA টিম